তারাদের কথা

উত্তরবঙ্গ সংবাদ ১৮ অক্টোবর ২০২০ এগারো

# আইনি বিপাকে মিঠুনের ছেলে মিমো, স্ত্রী যোগিতা

সময়টা একেবারেই ভালো যাচ্ছে না মিঠুন চক্রবর্তীর। একদিকে, হাতির সহ বন্যপ্রাণের চলাচলের অসুবিধের কথা ভেবে নীলগিরি অঞ্চলে তাঁদের এলিফ্যান্ট করিডর রিসর্টগুলি ভেঙে ফেলতে নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। অন্যদিকে, আইনি বিপাকে পড়েছেন মিঠুন–পুত্র মহাক্ষয় ওরফে মিমো এবং তাঁর মা যোগিতা বালি। মিমোর বিরুদ্ধে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাস, প্রতারণা এবং জোর করে গর্ভপাতের অভিযোগ করেছেন এক তরুণী। যোগিতা বালির বিরুদ্ধে উঠেছে নির্যাতিতাকে ভয় দেখানের অভিযোগ। মুম্বইয়ের ওশিওয়াড়া থানায় অভিযোগ দায়ের করেছেন তিনি। নির্যাতিতার দাবি, ২০১৫ সালে মিমো তাঁকে বাড়িতে ডেকে পাঠান। তিনিও মিঠুন পুত্রের ডাকে সাড়া দিয়ে বাড়িতে যান। অভিযোগ, মাদক মিশ্রিত ঠান্ডা পানীয় ওই তরুণীকে খেতে দেন মিমো। তিনি প্রায় অচৈতন্য হয়ে পড়েন। সেই সুযোগে মিমো তাঁর সঙ্গে শারীরিক সম্পর্ক তৈরি করেন। এরপর চার বছর ধরে সম্পর্ক ছিল তাঁদের। বিয়ের প্রতিশ্রুতি দিয়েছিলেন মিমো। লাগাতার যৌন মিলনের ফলে বছরচারেক পর অন্তঃসত্ত্বা হয়ে পড়েন ওই তরুণী। সেকথা মিমোকে জানানও। বিয়ে করতে অস্বীকার করেন মিমো। গর্ভপাতের জন্য চাপ দিতে থাকেন। তবে তাতে রাজি হননি তরুণী। তাই না জানিয়ে ওষুধ খাইয়ে মিমো ওই তরুণীর গর্ভপাত করান বলেও অভিযোগ। এমনকী নির্যাতিতার আরও অভিযোগ, মিঠুন জায়া যোগিতা বালিও তাঁকে হুমকি দেন।

ইতিমধ্যে, ২০১৮ সালে মহাক্ষয় ওরফে মিমো বিয়ে করেন। সেই সময় ধর্ষণের মামলা রুজু করার চেষ্টা করেন তরুণী। তবে পুলিশ তাঁর অভিযোগ নিতে অস্বীকার করে। এরপর দিল্লিতে চলে যান নির্যাতিতা। দিল্লির রোহিণী আদালতে তিনি একটি মামলা রুজু করেন। এফআইআর দায়েরের আবেদন জানান তরুণী। প্রাথমিক প্রমাণাদির ভিত্তিতে আদালত এফআইআর দায়েরের নির্দেশ দেন। সেই অনুযায়ী ওশিওয়াড়া থানায় মিঠুনপুত্র মিমো এবং যোগিতা বালির বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে।

# মহামারি সময়ে রোগের বাতিক নিয়ে প্রথমবার সিনেমা পরিচালনায় অরিন্দম



**চলো পটল তুলি। আড়াইশো রজনী অতিক্রান্ত মঞ্চসফল নাটক। এবার সিনেমায়। ২১ অক্টোবর, পুজোর পর্দায় এই প্রথম পরিচালক হিসেবে অরিন্দম গাঙ্গুলি। প্রযোজনাতেও বাংলার প্রথম মহিলা প্রযোজক। খবর দিচ্ছেন মহুয়া বন্দ্যোপাধ্যায়**

বড়পর্দার পরিচালনায় এই প্রথম অরিন্দম গাঙ্গুলি। ছোটপর্দার মেগা, টেলিছবি বা মঞ্চের নাটকে পরিচালনায় হাতেখড়ির ব্যাপারটা হয়েছে আগেই। তবে সিনেমা পরিচালনার স্বপ্নটা পূরণ হল এবার। 'চলো, পটল তুলি'। তাঁরই পরিচালনায় আড়াইশো দিন পেরনো দমফাটা হাসির নাটকই সিনেমার পর্দায়।

সব্যসাচী চক্রবর্তী মুখ্য চরিত্রে, ওই নাটকেই যেমন ছিলেন কেন্দ্রবিন্দু হয়ে।

অন্তত ন–বছর ধরে একটি ছবি তৈরির চেষ্টা। প্রযোজকঘটিত হাজারো গোলযোগের পরে প্যাস্টেল এন্টারটেনমেন্টের সান্নিধ্য।

শাঁওলী মজুমদারের প্রযোজনায় অবশেষে পূর্ণ হল স্বপ্ন। তাও আবার এই করোনাকালো মুক্তি। প্রথম পরিচালনা হিসেবে অবশ্য ঝুঁকি দেখছেন না অরিন্দম গাঙ্গুলি। বরং ছবির বিষয়বস্তুর সঙ্গে চলতি সময়টা মিলে গেছে অদ্ভুতভাবে। রোগের বাতিক আর যন্ত্রের হাতে মনুষ্যত্বের নাশ। এই মিলটাই করোনাকালের ইউএসপি বলে মনে করছেন পরিচালক স্বয়ং। তারপর এই করোনার পুজো মরশুমই একমাত্র এমন মরশুম, যখন একডজন বাংলা ছবি একসঙ্গে আসছে পর্দায়। কাজেই সাতমাস বন্ধ থেকে সিনেমা হল খোলার পরের ব্যাপারটা অরিন্দমবাবুর কাছে শঙ্কা নয়, বরং সাফল্য।

বাকিটা তাঁর পর্দার ওপর নির্ভরশীল। সাফল্য সেখানে এলেও এই ছবিরই পরের পর্বের কাহিনী নিয়ে আবারও ক্যামেরার পিছনে দাঁড়াতে তৈরি অরিন্দম গাঙ্গুলি।

# প্রযোজনায় প্রথম নারী

মহাশক্তি পূজার প্রাক্কালে বাংলা বিনোদন জগতে শক্তিস্ফূরণ। নারী শক্তিরই রূপ কিনা। এই প্রথম বাংলা ইন্ডাস্ট্রিতে কোনও নারী প্রযোজক। তাও আবার একা। প্রযোজনার ব্যবসায়ে তাঁর দ্বিতীয় কোনও সঙ্গী নেই।

শাঁওলী মজুমদারকে শুরুতে আবৃত্তি আর তারপরে স্টুডিও, এই পরিচয়েই চেনে বাংলা। মহুল। তাঁর আবৃত্তি ব্যান্ড আর স্টুডিও—দুয়েরই পরিচয়। এবার সেই তিনিই এলেন ছবি প্রযোজনায়। তাঁর প্রযোজনা সংস্থার নাম প্যাস্টেল এন্টারটেনমেন্ট। কাকতালীয় হয়তো, তবু এটাই সত্যি—যাঁর কবিতার যাত্রা শুরু হাসি দিয়ে, তাঁর ছবিরও হাতেখড়ি হাসিতেই। সুকুমার রায়কে নিয়ে মহুল জন্মাল, প্যাস্টেল প্রোডাকশন এল শিবরাম চক্রবর্তীকে নিয়ে।

শঙ্কায় আকুল পুজো মরশুমে ফুটিফাটা হাসির ছবি 'চলো পটল তুলি'। হাসি বটে, তবে হালের এই বাতিকবাগীশ স্বাস্থ্যকাঁটা সমাজের জন্য এ ছবিই অতি প্রাসঙ্গিক। এটাও কাকতালীয়। নতুন প্রযোজনা সংস্থা, তাও আবার প্রথম মহিলা। চলার পথটা অতিশয় বন্ধুর। তবু ভয় আর উদ্বেগ দুটিকেই বন্ধক রেখে নিজের পথটা তৈরি করছেন নিজেই। এ পথে প্রতি বছর হয়তো একটা করে এমন ছবি আসতে পারে, যে ছবি গল্প বলবে। নির্ভেজাল গল্প। বাংলারই নানাবিধ মণিমানিক্য সেঁচে তুলে আনা সে গল্প ভেসে যাওয়া বাঙালির শিকড় ধরে একটা টান অন্তত দেবে। আশা রাখেন শাঁওলী।

মেয়েরা চাইলে পারেন না, এমন কোনও দৃষ্টান্ত আছে নাকি!



# সুশান্ত মামলা, মাদকযোগে গ্রেপ্তার আরও ১

সুশান্ত সিং রাজপুত মামলার তদন্তে এনসিবি মাদকযোগ সন্দেহে আরও একজনকে গ্রেপ্তার করেছে। ধৃতের নাম জয় মোদক। এই নিয়ে ২২ জনকে গ্রেপ্তার করা হল। এনসিবি জোনাল ডিরেক্টর সমীর ওয়াংখেড়ে খবরের সত্যতা স্বীকার করেছেন। এর আগে গ্রেপ্তার হয়েছিলেন সুশান্ত সিং রাজপুতের বান্ধবী রিয়া চক্রবর্তী। কয়েকদিন আগে তিনি জামিন পেয়েছেন। যদিও তাঁর ভাই শৌভিক সহ আরও কয়েকজন এখনও জেলে রয়েছেন।

# বিজেপির বিরুদ্ধে চুরির অভিযোগ অনুভব সিনহার

সামাজিক মাধ্যমে ভারতীয় জনতা পার্টির বিরুদ্ধে চুরির অভিযোগ এনেছেন বলিউড পরিচালক অনুভব সিনহা। তিনি বলেছেন, আসন্ন বিহার বিধানসভা নির্বাচনে প্রচারের জন্য তাঁর তৈরি মিউজিক ভিডিও নকল করে প্রচার ভিডিও তৈরি করেছে বিজেপি।

ভোজপুরি র‍্যাপ 'বম্বাই মে কা বা' মিউজিক ভিডিওটি প্রকাশ্যে আসে। ভিডিওয় র‍্যাপ গেয়েছেন মনোজ বাজপেয়ী। অনুভবের পরিচালনাতেই ভিডিওটি তৈরি হয়েছিল। টুইটারে ভিডিওর লিংক শেয়ার করে অনুভব জানান, বিহার নির্বাচনের প্রচারে বিজেপির পক্ষ থেকে যে 'কা কিয়ে হো' ভিডিওটি ব্যবহার করা হচ্ছে, সেটি তাঁর তৈরি মিউজিক ভিডিওর হুবহু নকল। নির্লজ্জভাবে নকল করা হয়েছে গানটি। কেউ একবার তাঁর অনুমতি নেওয়ার প্রয়োজন পর্যন্ত বোধ করেননি। তিনি চাইলে কপিরাইটের অধিকারের মামলা করতেই পারতেন। কিন্তু তা করবেন না। শুধু সামাজিক মাধ্যমে জানানোর তাগিদ বোধ করেছেন।

২৮ অক্টোবর থেকে শুরু বিহারের বিধানসভা নির্বাচন। এরপর ৩ নভেম্বর ও ৭ নভেম্বর। মোট তিন দফায় ভোটগ্রহণ সম্পন্ন হবে। ফলাফল প্রকাশিত হবে ১০ নভেম্বর। তার আগে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে এই গানটি। কিছু দিন আগে বলিউডকে বিদায় জানিয়েছিলেন অনুভব। বলেছিলেন, ছবি তৈরির আগ্রহ হারিয়ে ফেলেছি।

# দুর্ঘটনার শিকার রণবীর সিং



মুম্বইয়ের রাস্তায় দুর্ঘটনার শিকার হলেন বলিউড অভিনেতা রণবীর সিং। যদিও দুর্ঘটনা অবশ্য তেমন গুরুতর নয় বলেই জানা গেছে। বান্দ্রার রাস্তা দিয়ে যাচ্ছিল রণবীরের গাড়ি। পাশ থেকে একটি বাইক এসে তাঁর মার্সেডিসে ধাক্কা মারে। সামান্য ক্ষতি হয়েছে গাড়ির। কতটা ক্ষতি, তাই দেখতে রাস্তায় নেমেছিলেন রণবীর। সেই সময় ক্যামেরাবন্দি হয়ে যান বলিউড তারকা। সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে ভিডিও।

দুর্ঘটনাস্থলে রণবীরের মুখে মাস্ক থাকলেও, তা ছিল গলার কাছে নামানো। বাইরে বেরিয়ে পরিস্থিতি দেখে প্রায় সঙ্গে সঙ্গেই গাড়ির ভিতরে ঢুকে যান রণবীর। মুখে ছিল না চেনা হাসি। পরে বাড়িতে পৌঁছে গাড়ি থেকে নেমে পাপারাৎজিদের উদ্দেশ্যে হাত নেড়ে অভিবাদন জানান। সেই সময় অবশ্য মাস্ক পরেছিলেন অভিনেতা। আগে মিডিয়ার সামনে যখনই আসতেন, হাসিমুখে ক্যামেরার সামনে পোজ দিতেন। কোনও ক্লান্তির ছাপ থাকত না তাঁর চোখেমুখে। নিজের অদম্য প্রাণচঞ্চলতার জন্য খ্যাত ছিলেন রণবীর সিং। তবে লকডাউন হওয়ার পর থেকে নিজেকে যেন গুটিয়ে নিয়েছিলেন। সামাজিক মাধ্যমেও কাজ ছাড়া কোনও পোস্ট বিশেষ দেন না। যদিও ব্যক্তিগত জীবনে এখন একটু প্রতিকূল পরিস্থিতি চলছে রণবীরের। সুশান্ত মামলার জেরে স্ত্রী দীপিকা পাড়ুকোনের জিজ্ঞাসাবাদের পর থেকে একটু রয়েসয়ে প্রকাশ্যে কোনও পোস্ট দিচ্ছেন তিনি।

# মাদক কাণ্ডে এবার বিবেক ওবেরয়ের স্ত্রী

মাদক কাণ্ড কিছুতেই বিবেক ওবেরয়ের পিছু ছাড়ছে না। গতকাল বিবেকের শ্যালক আদিত্য আলভার খোঁজে ওবেরয়দের মুম্বইয়ের বাড়িতে আচমকা হানা দেয় কর্ণাটক পুলিশের একটি দল। আজ বিবেকের স্ত্রী প্রিয়াঙ্কা আলভাকে নোটিস পাঠাল পুলিশ।

মাদক কাণ্ডে আদিত্য দীর্ঘদিন ধরেই ফেরার। পুলিশের কাছে সূত্র মারফত খবর যায়, আদিত্য নাকি ওবেরয়দের মুম্বইয়ের বাড়িতে আছেন। তবে তল্লাশি চালিয়ে কোনও খোঁজ মেলেনি। পুলিশের তরফে এবার লুক আউট নোটিস জারি করা হয়েছে।

এরপরই স্যান্ডালউড মাদককাণ্ডে নোটিস পাঠানো হয় বিবেক ওবেরয়ের স্ত্রী তথা আদিত্যর বোন প্রিয়াঙ্কা আলভার নামে। যদিও এ ব্যাপারে ওবেরয়দের তরফে কোনও প্রতিক্রিয়া দেওয়া হয়নি।



# কাজে ফিরতে চান তামান্না ভাটিয়া

একটি তেলুগু ছবিতে কাজের সময় করোনা আক্রান্ত হয়েছিলেন অভিনেত্রী তামান্না ভাটিয়া। বেশ কিছুদিন ভর্তি ছিলেন হায়দরাবাদের একটি হাসপাতালে। তারপর বেশকিছু বাড়িতে আইসোলেশনে ছিলেন। তবে এখন তিনি অনেকটাই সুস্থ। যদিও আছে শারীরিক দুর্বলতা। তবু তিনি এক সপ্তাহের মধ্যেই কাজে ফিরতে চান। সামাজিক মাধ্যমে নিজের মনের ইচ্ছের কথা প্রকাশ করেছেন সুন্দরী। দক্ষিণ ভারতের পাশাপাশি বলিউডের ছবিতেও অভিনয় করেছেন তামান্না।

# প্যারিসের ঘটনার কড়া সমালোচনায় কঙ্গনা

শুক্রবার দুপুরে ফ্রান্সের রাজধানী প্যারিসের রাস্তায় এক শিক্ষকের মাথা কেটে ফেলে এক চেচেন ব্যক্তি। তাকে আটক করতে গেলে, ধারালো অস্ত্র নিয়ে পুলিশ আধিকারিকদের প্রাণে মারার হুমকি দেয় সে। বাধ্য হয়ে শেষমেশ ওই বন্দুকধারীকে গুলি করে নিকেশ করেন নিরাপত্তারক্ষীরা। জানা গিয়েছে, প্যারিসের একটি স্কুলে পাঠদান করতেন স্যামুয়েল পি নামের নিহত শিক্ষক। ছাত্রদের ধর্মনিরপেক্ষতার পাঠ দিতে গিয়ে হজরত মহম্মদের একটি কার্টুন দেখিয়েছিলেন তিনি। আর এই ঘটনার জন্য তাঁর ওপর হামলা চালায় ওই চেচেন মৌলবাদী। এই হত্যাকাণ্ডের পর নিন্দার ঝড় উঠেছে পৃথিবীতে। সরব বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। এই নৃশংস ঘটনার জন্য অত্যন্ত কড়া ভাষায় সমালোচনা করেন তিনি। শনিবার তীব্র প্রতিক্রিয়া দেন। নাম না করেও উগ্র ইসলামপন্থীদের তুলোধোনা করে নিজের টুইটার হ্যান্ডেলে অভিনেত্রী লেখেন, একটি কার্টুনের জন্য এক শিক্ষকের মাথা কেটে ফেলা হল। আমি শুধু কল্পনা করতে পারি অতীতে আমাদের লোকজনের কী অবস্থা করেছিল এই হানাদাররা। আজকের ডিজিটাল যুগে শিক্ষিত হয়েও এদের আচরণ রাক্ষসের মতো। যাযাবর অবস্থায় এরা ভারতের কী দশা করেছিল।

নিজের টুইটারে কঙ্গনা আরও লেখেন, আমি ভেবে অবাক হই, এই ধর্ম এত অসহিষ্ণু। পুরুষতান্ত্রিক এই ধর্মে মহিলা, পশু, প্রকৃতি কারওরই উপাসনা করা হয় না। অথচ আজকের দিনে এটাই সবচেয়ে দ্রুত বাড়তে থাকা ধর্ম। বুদ্ধিজীবীরাও এই ধর্মকেই সমর্থন করেন। এমনটা কী করে হয়?

# এবার বন্ধ রইল অভিজিতের পুজো

অসুর যখন করোনা মহামারী, তার ছাপ তো মায়ের পুজোতেও পড়বে। পড়লও। এ বছর বন্ধ থাকছে মুম্বইয়ের বিখ্যাত লোখান্ডওয়ালার দুর্গাপুজো। অভিজিতের পুজো হিসেবেই যে পুজো বিখ্যাত।

গায়ক অভিজিৎ ভট্টাচার্য নিজেই একটি ভিডিও প্রকাশ করেছেন। পুরনো দুর্গাপুজোর কোলাজের সঙ্গে একটি গান গেয়েছেন তিনি। সেখানে বলেছেন, মহামারীর কারণে এ বছর পুজো হল না। আসছে বছর জমিয়ে হবে।

লোখান্ডওয়ালার পুজো মুম্বইয়ের খুব বড় আকর্ষণ। বহু তারকার সমাগম হয় এই পুজোয়। নানা ধরনের প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পেট পুরে ভোগ খাওয়া, সিঁদুরখেলা সহ চুটিয়ে আনন্দ। সেই পুজো বন্ধ মানে বাঙালি পল্লীর মনখারাপ তো বটেই। লোখান্ডওয়ালা এখন আগামী বছরের আশায়।

টিম তারাদের কথা মহুয়া বন্দ্যোপাধ্যায়, শবরী চক্রবর্তী, অংশুমান চক্রবর্তী, সায়ন্তী মণ্ডল, রমাপদ পাহাড়ি ফেসবুক পেজ www.facebook.com/taraderkatha